

CLASS X

BENGALI PRACTICE QUESTIONS,2024-2025

SET 1

1. "আমি তো সওদা করিতে আসি না।"-- কখন বক্তা একথা বলেন? বক্তার এর পরবর্তী বক্তব্যের আলোচনা সাপেক্ষে কেন তিনি মেওয়া নিয়ে আসেন, তা বিস্তৃত করো। (2+3=5)

2. " আমারই দোষ" – কে, কোন্ ঘটনার পরিপ্রেক্ষিতে একথা বলেন? এই ঘটনায় প্রকৃতপক্ষে তিনি কীভাবে দোষী ছিলেন? (2+3=5)

3."রতন, কালই আমি যাচ্ছি।"—

কে, কোথায় যাওয়ার কথা জানিয়েছেন? এ কথায় উদ্দিষ্ট ব্যক্তির প্রতিক্রিয়া এবং তার সামঞ্জস্যে পারিপার্শ্বিক প্রকৃতির মধ্যে বেদনাবিধুর যে ছবি ফুটে উঠেছে তার উল্লেখ করো। (2+3=5)

4. সঠিক উত্তর বেছে নিয়ে লেখো:- (1×5=5)

i) মন্তব্য : রতন উচ্ছ্বসিত হৃদয়ে কেঁদে উঠে বলেছিল যে, পোস্টমাস্টারের কাউকে কিছু বলতে হবে না, সে আর থাকতে চায় না।

কারণ: ক) তার থাকার ব্যবস্থা অন্যত্র হয়েছিল।

কারণ: খ) সে স্নেহ চেয়েছিল, দয়ার দাক্ষিণ্য চায় নি।

কারণ বিষয়ে সঠিক উত্তর নির্বাচন করো:

A. কারণ ক) ঠিক ও কারণ খ) ভুল

B. কারণ ক) ভুল ও কারণ খ) ঠিক

C. ক) ও খ) দুটিই ভুল

D. ক) ও খ) দুটিই সঠিক

ii) 'বালিকা রতন আর বালিকা রহিল না।'--কখন?

- A. পোস্টমাস্টার যখন উলাপুর গ্রামে আসেন
- B. পোস্টমাস্টার যখন চলে যাবেন বলেছিলেন
- C. পোস্টমাস্টার যখন রোগকাতর হন
- D. রতনকে যখন রান্না করতে হয়

iii) 'এ কথা আমি প্রথম হইতেই জানিতাম।' -- বক্তা কে?

- A. ব্রজসুন্দরী
- B. শশিভূষণ
- C. রাসমণি
- D. রাধামুকুন্দ

iv) মন্তব্য : মিনির বিবাহের উৎসব সমারোহের দুটো একটা অঙ্গ তার পিতা ছেঁটে দিতে বাধ্য হলেন।

কারণ: ক) কথকের মনের বেদনার কারণে

কারণ: খ) রহমতকে দেশে ফেরার খরচ বাবদ কিছু অর্থ দেওয়ার জন্য

কারণ বিষয়ে সঠিক উত্তর নির্বাচন করো:

- A. কারণ ক) ও কারণ খ) দুটিই ভুল
- B. কারণ ক) সঠিক ও কারণ খ) ভুল
- C. কারণ খ) সঠিক ও কারণ ক)ভুল
- D. কারণ ক) ও ক) দুটিই সঠিক

v) মিনির বিবাহ কোন্ সময় স্থির হয়?

- A. বর্ষাকালে
- B. শরৎকালে

C. গ্রীষ্মকালে

D. শীতকালে

Note :

You are supposed to complete the given questions within 45 minutes.